

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ৮৯৮

তারিখ: ০৮ মে ২০২৪

বিষয়: বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহে (টিটিসি) সুফলভোগী সদস্যদের ৩০ দিন মেয়াদী ৪০ জনের ও ৬০ দিন মেয়াদী ৩০ জনের প্রশিক্ষণের বিপরীতে ব্যয়ের বাজেট বিভাজন প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় সুফলভোগী সদস্যদের ৩০ দিন মেয়াদী ৪০ জনের প্রতি ব্যাচের সেলাই ও এমব্রয়ডারী/ব্লক বাটিক/অন্যান্য এবং ৬০ দিন মেয়াদী ৩০ জনের মোবাইল সার্ভিসিং/বিউটিফিকেশন/টেইলারিং ও ডেস মেকিং/অন্যান্য ট্রেডে প্রশিক্ষণ আয়োজনের জন্য বিএমইটি'র সাথে সম্পাদিত সমঝোতা স্মারক ও প্রস্তাব অনুযায়ী অনুমোদিত আরডিপিপি'র সংস্থানের আলোকে প্রাতিষ্ঠানিক ব্যয়ের বাজেট বিভাজন প্রদান করা হলো (পরিশিষ্ট ১ ও ২)। এছাড়া আরডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রশিক্ষণে অংশগ্রহণকারী সুফলভোগী সদস্যগণকে যাতায়ত ভাতা বাবদ জন প্রতি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা হারে (দুরত্ব অনুযায়ী পরিশোধযোগ্য) এবং প্রতি দিনের জন্য জন প্রতি ৩০০/- (তিনশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা পরিশোধযোগ্য হবে।

এমতাবস্থায় খাত ভিত্তিক অনুমোদিত বাজেট বিভাজনের আলোকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক যাবতীয় ব্যয় নির্বাহের অনুরোধ করা হলো। উল্লেখ্য এক খাতের অর্থ কোন অবস্থাতেই অন্য খাতে ব্যয় করা যাবে না। ভবিষ্যৎ অডিট মোকাবেলার জন্য প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় বিল ডাউটারের মূল কপি টিটিসি হতে সংগ্রহপূর্বক উপপরিচালকের কার্যালয়ে সংরক্ষণযোগ্য হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৪১০১০৩৪১

উপপরিচালক

বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সকল)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), ঢাকা।
২. অধ্যক্ষ (সংশ্লিষ্ট টিটিসি), কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।